



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/ক/নেত্র/২০৩৪

তারিখঃ ০১/১১/২০২৩ খ্রি.

বিষয় : নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলাধীন “আনন্দপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ” এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ-এর ২৪/০৫/২০২৩ তারিখের ৪র্থ মঞ্জুরী কমিটির সভার সুপারিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলাধীন “আনন্দপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ” -এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এই অনুমতিকে কোন ক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখা	আবশ্যিক বিষয়	শাখা ভিত্তিক বিষয়
		মানবিক শাখা
মানবিক	(১) বাংলা (২) ইংরেজি (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	(১) সমাজকর্ম (২) পৌরনীতি ও সুশাসন (৩) ইতিহাস (৪) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (৫) অর্থনীতি

শর্তসমূহ :

- এই অনুমতির মেয়াদ আগামী ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে।
- কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না।
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৯৮) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সারকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- অতিসত্তর কোড নম্বর সংগ্রহের জন্য আবেদন করতে হবে।
- উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা-মানবিক:১০০ জন, শিফট: দিবা, ভার্শন: বাংলা, সহশিক্ষা।
- কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।
(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
(গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ
- বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে। এবং
- উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

সভাপতি/অধ্যক্ষ

আনন্দপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ (EIN-113003)

কলমাকান্দা, নেত্রকোণা।

স্মারক নং- মশিবো/ক/নেত্র/২০৩৪ (৮)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলে:

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- জেলা প্রশাসক, নেত্রকোণা।
- জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
- এসিস্ট্যান্ট প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- অফিস কপি।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বঃ- /

(প্রফেসর প্রাণেশ রঞ্জন রায়)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

তারিখঃ ০১/১১/২০২৩ খ্রি.


০১-১১-২০২৩

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

